**CONTAI CO-OPERATIVE AGRICULTURE & RURAL DEVELOPMENT BANK LTD.**

REGD. NO. 10 CONT. ● DATE – 01.02.1967

P.O. – CONTAI ●DT. – PURBA MEDINIPUR ● PIN-721401

☎ 03220 – 255184/257053 ●FAX : 03220 -257053 ● E-mail – contaicardbltd@gmail.com

Contai Co-op. Agri. & Rural Dev. Bank Ltd. * Reg.- 10. 1.2.67


তারিখ - ১১/০৩/২০২৫

স্মারক নং - ৫০/এ.আর.ও./২০২৪-২০২৫

# প্রতিনিধি (Delegate) নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহামান্য কলিকাতা হাইকোর্টের WPA No.309 of 2025 মামলার ০৩/০৩/২০২৫ তারিখের আদেশানুসারে এবং পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ইলেকশন কমিশনের ১১/০৩/২০২৫ তারিখের স্মারক সংখ্যা- 134/CEC/IV-01/2025 দ্বারা অনুমোদন ও নির্দেশানুসারে উক্ত ব্যাঙ্কের প্রতিনিধি নির্বাচনের জন্য বিগত ১২/০২/২০২৫ তারিখে প্রকাশিত সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকাভুক্ত সমস্ত সদস্য ও সদস্যাগণকে জানানো যাইতেছে যে, নিম্নবর্ণিত নির্বাচন সূচী অনুযায়ী ব্যাঙ্কের প্রতিনিধি (ডেলিগেট) নির্বাচন অনুষ্ঠিত হইবে।

এই নির্বাচন পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬, পশ্চিমবঙ্গ সমবায় নিয়মাবলী ২০১১ (সংশোধনী সহ) এবং পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ইলেকশন কমিশনের রেগুলেশন ২০১২ ও পরবর্তী সার্কুলার সমূহ এবং ব্যাঙ্কের উপবিধি মোতাবেক অনুষ্ঠিত হইবে।

নির্বাচন সংক্রান্ত নির্বাচন নির্ঘন্ট, নিয়মাবলী, ভোট গ্রহণ ও গণনা এবং অন্যান্য জ্ঞাতব্য বিষয় নিম্নে সংযোজিত হইল যা এই বিজ্ঞপ্তির অংশ হিসাবে বিবেচিত/পরিগণিত হইবে।

## (ক) নির্বাচন ক্ষেত্র, নির্বাচনী এলাকা ও প্রতিনিধি সংক্রান্ত তথ্য

| ক্ষেত্র নং | নির্বাচন ক্ষেত্র | নির্বাচনী এলাকা | ভোটার সংখ্যা | মোট প্রতিনিধি সংখ্যা | প্রতিনিধি আসনের সংরক্ষণ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসংরক্ষিত | মহিলা সংরক্ষিত | তপশিলি জাতি / তপশিলি উপজাতির জন্য সংরক্ষিত |
| ১ | কাঁথি-১ | কাঁথি পৌরসভা ও কাঁথি-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৪৫৩৬ | ৬ | ৫ | ১ | — |
| ২ | কাঁথি-২ (দেশপ্রাণ) | কাঁথি-২ নং (দেশপ্রাণ) ব্লকের অধীন মৌজা সমূহ। | ৬০৬৬ | ৮ | ৭ | ১ | — |
| ৩ | কাঁথি-৩ | কাঁথি-৩ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৫৭০২ | ৮ | ৭ | ১ | — |
| ৪ | রামনগর-১ | রামনগর-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ১৮৯২ | ৩ | ২ | ১ | — |
| ৫ | রামনগর-২ | রামনগর-২ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৩৮৮৭ | ৫ | ৪ | ১ | — |
| ৬ | ভগবানপুর-২ | ভগবানপুর-২ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৫৪১৩ | ৭ | ৬ | ১ | — |
| ৭ | খেজুরী-১ | খেজুরী-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৩৩৫৬ | ৪ | ২ | ১ | ১ |
| ৮ | খেজুরী-২ | খেজুরী-২ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৩৫৭৭ | ৫ | ৩ | ১ | ১ |
| ৯ | এগরা-১ | এগরা-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৫৭৮২ | ৮ | ৭ | ১ | — |
| ১০ | এগরা-২ | এগরা-২ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৪৫২২ | ৬ | ৫ | ১ | — |
| ১১ | পটাশপুর-১ | পটাশপুর-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৩১৯১ | ৪ | ৩ | ১ | — |
| ১২ | পটাশপুর-২ | পটাশপুর-২ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৪৮৮৫ | ৭ | ৬ | ১ | — |
| ১৩ | ভগবানপুর-১ | ভগবানপুর-১ নং ব্লকের অধীন মৌজা সমূহ। | ৫৩৪৪ | ৭ | ৬ | ১ | — |
| মোট | | | ৫৮১৫৩ | ৭৮ | ৬৩ | ১৩ | ২ |

CONTAI CO-OPERATIVE AGRICULTURE & RURAL DEVELOPMENT BANK LTD.
REGD. NO. 10 CONT. ● DATE – 01.02.1967
P.O. – CONTAI ●DT. – PURBA MEDINIPUR ● PIN-721401
☎ 03220 – 255184/257053 ●FAX : 03220 -257053 ● E-mail – contaicardbltd@gmail.com

## (খ) নির্বাচন নির্ঘন্ট

| ক্রমিক নং | বিষয় | তারিখ | সময় | স্থান | দায়িত্বপ্রাপ্ত আধিকারিক |
|---|---|---|---|---|---|
| ১ | মনোনয়নপত্র বিতরণ | ১৭/০৩/২০২৫ | সকাল ১০.০০ টা হইতে বিকেল ৪.০০ টে পর্যন্ত | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার / দায়িত্বপ্রাপ্ত আধিকারিক |
| ২ | মনোনয়নপত্র গ্রহণ | ১৮/০৩/২০২৫ | সকাল ১০.০০ টা হইতে বিকেল ৪.০০ টে পর্যন্ত | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার / দায়িত্বপ্রাপ্ত আধিকারিক |
| ৩ | মনোনয়নপত্র পরীক্ষা | ১৯/০৩/২০২৫ | সকাল ১১.০০ টা থেকে | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৪ | বৈধ মনোনয়নপত্রের তালিকা প্রকাশ | ১৯/০৩/২০২৫ | মনোনয়নপত্র পরীক্ষার পর | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৫ | মনোনয়নপত্র প্রত্যাহার | ২০/০৩/২০২৫ | বিকেল ৩.০০ টের পূর্বে | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৬ | চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ২০/০৩/২০২৫ | বিকেল ৪.০০ টের পর | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৭ | প্রতীক বিতরণ (যদি প্রয়োজন হয়) | ২০/০৩/২০২৫ | বিকেল ৪.০০ টের পর | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |

## (গ) ভোট গ্রহণ, ভোট গণনা এবং ভোটের ফল প্রকাশের তারিখ, স্থান ও সময়

**ভোট গ্রহণ**

| তারিখ, বার ও সময় | নির্বাচন ক্ষেত্র নং ও নাম | ভোট গ্রহণ কেন্দ্র |
|---|---|---|
| ২৯/০৩/২০২৫, শনিবার<br>সকাল ৯.০০ টা হইতে বিকেল ২.০০ টা পর্যন্ত | ১, কাঁথি-১ | কাঁথি জাতীয় বিদ্যালয়, কাঁথি |
| | ২, কাঁথি-২ (দেশপ্রাণ) | বসন্তিয়া হাইস্কুল, বসন্তিয়া |
| | ৩, কাঁথি-৩ | মারিশদা জাগৃহি বাণীপীঠ, মারিশদা |
| | ৪, রামনগর-১ | নিমতলা হাইস্কুল, ফতেপুর, রামনগর |
| | ৫, রামনগর-২ | রামনগর কলেজ, দেপাল, রামনগর |
| | ৬, ভগবানপুর-২ | জুখিয়া কুমার নারায়ণ বাণীমন্দির হাইস্কুল, জুখিয়া |
| | ৭, খেজুরী-১ | হেঁড়িয়া শিবপ্রসাদ ইনস্টিটিউশন, হেঁড়িয়া |
| | ৮, খেজুরী-২ | খেজুরী আদর্শ বিদ্যাপীঠ, অজানবাড়ি, খেজুরী |
| | ৯, এগরা-১ | রাসন নেহেরু বিদ্যাপীঠ, রাসন |
| | ১০, এগরা-২ | দুবদা দেশপ্রাণ বীরেন্দ্র বিদ্যাপীঠ (উঃ মাঃ), দুবদা |
| | ১১, পটাশপুর-১ | অমর্ষি রঘুনাথ হাইস্কুল, অমর্ষি |
| | ১২, পটাশপুর-২ | টিকরাপাড়া এ. এম. হাইস্কুল, প্রতাপদিঘী |
| | ১৩, ভগবানপুর-১ | ভগবানপুর হাইস্কুল, ভগবানপুর |

**ভোট গণনা**

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৯/০৩/২০২৫, শনিবার | সংশ্লিষ্ট নির্বাচন কেন্দ্রে | ভোট গ্রহণের অব্যবহিত পর |

**ভোটের ফল প্রকাশ**

| তারিখ | স্থান | সময় |
|---|---|---|
| ২৯/০৩/২০২৫, শনিবার | সংশ্লিষ্ট নির্বাচন কেন্দ্রে | ভোট গণনা সম্পূর্ণ হওয়ার পর |

**CONTAI CO-OPERATIVE AGRICULTURE & RURAL DEVELOPMENT BANK LTD.**
REGD. NO. 10 CONT. ● DATE – 01.02.1967
P.O. – CONTAI ●DT. – PURBA MEDINIPUR ● PIN-721401
☎ 03220 – 255184/257053 ●FAX : 03220 -257053 ● E-mail – contaicardbltd@gmail.com

# (ঘ) নিয়মাবলী

১। নির্বাচকগণ কেবলমাত্র সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের নির্দিষ্ট সংখ্যক প্রতিনিধি (ডেলিগেট) নির্বাচন করিতে পারিবেন। নির্বাচনে ইচ্ছুক প্রার্থী এবং তাঁর প্রস্তাবক ও সমর্থককেও সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের ভোটার হইতে হইবে।

২। প্রতিনিধি পদপ্রার্থীদের ন্যূনতম বয়স মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য নির্ধারিত দিনে ১৯ (উনিশ) বৎসর হইতে হইবে।

৩। নির্বাচনে ইচ্ছুক প্রার্থীর সদস্য পদের বয়স মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য নির্ধারিত দিনের পূর্বে অন্ততঃ নিরবিচ্ছিন্ন ভাবে ১(এক) বৎসর হইতে হইবে।

৪। প্রার্থীর যোগ্যতা পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬ ও নিয়মাবলী ২০১১ (সংশোধনী সহ) এবং পশ্চিমবঙ্গ কো- অপারেটিভ ইলেকশন কমিশনের রেগুলেশন ২০১২ মতে হইতে হইবে।

৫। মনোনয়নপত্র দাখিলের দিনে নির্বাচন পদ প্রার্থীর লোন ঋণ খেলাপী থাকা চলিবে না।

৬। নির্ধারিত ফর্মে পদ প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল করিতে হইবে। উক্ত ফর্ম ব্যাঙ্ক হইতে বিনামূল্যে সরবরাহ করা হইবে। ফর্ম সংগ্রহ করার সময় পদ প্রার্থী অথবা তাঁর ইলেকশন এজেন্ট কে অবশ্যই জাতীয় নির্বাচন কমিশন দ্বারা নির্ধারিত যেকোনো একটি সচিত্র পরিচয়পত্র সঙ্গে আনিতে হইবে।

৭। মনোনয়নপত্র গ্রহণ ও দাখিলের সময় প্রার্থী অথবা তাঁর অনুমোদিত ইলেকশন এজেন্ট এবং মনোনয়নপত্র পরীক্ষার সময় প্রার্থী এবং তাঁর প্রস্তাবক-সমর্থক উপস্থিত থাকতে পারিবেন। মনোনয়নপত্র প্রত্যাহারের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই স্ব-শরীরে উপস্থিত থাকিতে হইবে।

৮। ইলেকশন এজেন্ট নিয়োগে নির্ধারিত ফর্ম ব্যবহার করিতে হইবে। ইলেকশন এজেন্ট যিনি নিযুক্ত হবেন তাহার যোগ্যতা পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬ ও নিয়মাবলী ২০১১ (সংশোধনী সহ) এবং পশ্চিমবঙ্গ কো- অপারেটিভ ইলেকশন কমিশনের রেগুলেশন ২০১২ মতে সংশ্লিষ্ট পদপ্রার্থীর সমতুল্য হইতে হইবে।

৯। একজন প্রস্তাবক/সমর্থক আসন সংখ্যার বেশি সংখ্যক প্রার্থীর প্রস্তাবক কিংবা সমর্থক হইতে পারিবেন না।

১০। প্রার্থী মনোনয়নপত্রে বাংলা এবং ইংরাজি উভয় ভাষায় নাম লিখিবেন এবং স্বাক্ষর করিবেন।

১১। তপশিলি জাতি / তপশিলি উপজাতি সংরক্ষিত আসনের ক্ষেত্রে, মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা প্রদত্ত নিজের জাতি-সংক্রান্ত সংশ্লিষ্ট শংসাপত্রের স্ব-প্রত্যয়িত নকল এবং মনোনয়নপত্র পরীক্ষার সময় আসল শংসাপত্রটি অবশ্যই প্রদান করিতে হইবে।

১২। ভোটারদের ভোটদানের সময় জাতীয় নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত, নিজের সচিত্র পরিচয়পত্রগুলির মধ্যে যেকোনো একটি অবশ্যই সঙ্গে আনিতে হইবে।

১৩। কোনো সদস্য/ভোটার/প্রার্থী নির্বাচন সংক্রান্ত যে কোনো বিষয়ে জানিতে চাহিলে তাহাকে ব্যাঙ্কের প্রধান কার্যালয়ে যোগাযোগ করিতে অনুরোধ করা হইতেছে।

তারিখ : ১১/০৩/২০২৫
স্থান – কাঁথি

11.03.2025

**(দীপ ব্যানার্জী)**
**সমবায় পরিদর্শক**
**ও**
**সহকারী রিটার্নিং অফিসার,**
**কন্টাই কো-অপারেটিভ এগ্রিকালচারাল**
**অ্যান্ড**
**রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেড**

11/03/25

**(বিশ্বনাথ মাইতি)**
**সমবায় উন্নয়ন আধিকারিক**
**ও**
**সহকারী রিটার্নিং অফিসার,**
**কন্টাই কো-অপারেটিভ এগ্রিকালচারাল**
**অ্যান্ড**
**রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেড**

11/03/2025

**(শংকর কুমার প্রধান)**
**সমবায় উন্নয়ন আধিকারিক**
**ও**
**সহকারী রিটার্নিং অফিসার,**
**কন্টাই কো-অপারেটিভ এগ্রিকালচারাল**
**অ্যান্ড**
**রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেড**